১৪৩

দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR. 2 1. 1999
পৃষ্ঠা ২৭ কলাম ৩ ...

# মেলান্দহ সরকারী কলেজে শিক্ষক স্বল্পতা

জামালপুর সংবাদদাতা ॥ শিক্ষক স্বল্পতাসহ বহুমুখী সমস্যায় জর্জরিত জেলার মেলান্দহ সরকারী কলেজে শিক্ষা কার্যক্রম ব্যাহত হইতেছে। কলেজ সংশ্লিষ্ট একটি সূত্রে প্রকাশ, ১৯৭২ সনে বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত মেলান্দহ কলেজটি ১৯৮৭ সনের ১লা জুলাই হইতে সরকারীকরণ করা হয়। কলেজটিতে বর্তমান ছাত্র-ছাত্রী সংখ্যা ৮৮০ জন। শিক্ষকের ১০টি পদ শূন্য, তন্মধ্যে মানবিক বিভাগে ৯ জনের মধ্যে ৫ জন, বিজ্ঞান বিভাগে ৬ জনের স্থলে ২ জন এবং বাণিজ্যিক বিভাগে ৩ জনের স্থলে ১ জন শিক্ষক রহিয়াছেন। শিক্ষক স্বল্পতা দরুন ছাত্র-ছাত্রীদের পড়াশুনা বিঘ্নিত হইতেছে। কলেজে কম্পিউটার কোর্স চালু করার জন্য কম্পিউটার সেটসহ সমস্ত প্রস্তুতি থাকিলেও শিক্ষকের অভাবে কোর্সটি চালু করা যাইতেছে না। অভিযোগে প্রকাশ, মেলান্দহ সরকারী কলেজে অধ্যক্ষের দায়িত্ব দিয়া এমন সব লোককে বদলি করা হয়, যাহাদের অবসর গ্রহণের সময় নিকটবর্তী। ফলে তাহারা কলেজের ভবিষ্যৎ ভাবনা ছাড়িয়া নিজের অবসর গ্রহণের প্রস্তুতি এবং অবসরের পর কি করিবেন তাহা নিরূপণের চেষ্টায় ব্যস্ত থাকেন। কলেজের বর্তমান অধ্যক্ষ নজরুল হক এই বৎসরই অবসর নিবেন। অভিযোগ পাওয়া গিয়াছে, অধ্যক্ষ সাহেব সপ্তাহে মাত্র ২/৩ দিন কলেজে আসেন। তাহার অনুপস্থিতির সুযোগ নিয়া কলেজের অন্য অধ্যাপক-প্রভাষকরাও কলেজ কামাই করেন। একদিকে কলেজে শিক্ষক স্বল্পতা অপরদিকে তাঁহাদের অনুপস্থিতির কারণে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার ক্লাস গ্রহণ বিঘ্নিত হইতেছে। বর্তমান অবস্থায় অধিকাংশ সচ্ছল পিতা-মাতা তাহাদের ছেলে-মেয়েদের ভবিষ্যৎ ভাবিয়া অন্য কোন ভাল কলেজে সরাইয়া নেওয়ার চিন্তা-ভাবনা করিতেছেন বলিয়া জানা গিয়াছে।